**9** **যে বছর বা মেয়াদের জন্য আবেদন করা হয়েছে।** mm/dd/yyyy ফরম্যাট ব্যবহার করে সংশ্লিষ্ট বছর বা মেয়াদের শেষ তারিখ লিখুন। আপনি যদি চার বছর বা মেয়াদের বেশি সময়ের জন্য আবেদন করেন, সেক্ষেত্রে আপনাকে অবশ্যই আরেকটি ফরম 4506-T সংযুক্ত করতে হবে। ফরম 941-এর মতো ত্রৈমাসিক কর রিটার্ন সংক্রান্ত আবেদনের ক্ষেত্রে আপনাকে অবশ্যই প্রতি তিনমাস বা করের সময়কাল আলাদাভাবে লিখতে হবে।

| | | | |
|---|---|---|---|
| 12 / 31 / 2020 | 12 / 31 / 2019 | 12 / 31 / 2018 | / / |

**সতর্কতা:** প্রযোজ্য সব লাইন পূরণ করা ব্যতিরেকে এই ফরমে স্বাক্ষর করবেন না।

**করদাতার(দের) স্বাক্ষর।** আমি ঘোষণা করছি যে, আমি হয় লাইন 1a বা 2a-এ উল্লিখিত করদাতা, অথবা আবেদনকৃত কর তথ্য পেতে একজন অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি। আবেদ যদি কোনো যৌথ রিটার্ন সংশ্লিষ্ট হয়, তাহলে কমপক্ষে একজন সঙ্গীকে অবশ্যই স্বাক্ষর করতে হবে। যদি কোনো কর্পোরেট কর্মকর্তা, 1 শতাংশ বা ততোধিক **শেয়ারহোল্ডার**, অংশীদার, ব্যবস্থাপনা সদস্য, অভিভাবক, কর বিষয়ক অংশীদার, এক্সিকিউটর, রিসিভার, প্রশাসক, ট্রাস্টি, বা করদাতা-ভিন্ন অন্য কোনো পক্ষ-কর্তৃক স্বাক্ষর করা হয়, তাহলে আমি প্রত্যায়ন করছি যে, করদাতার পক্ষে ফরম 4506-T বাস্তবায়নে আমার ক্ষমতা রয়েছে। **দ্রষ্টব্য:** স্বাক্ষরের তারিখ থেকে 120 দিনের মধ্যে IRS এর কাছে এই ফরম পৌঁছাতে হবে।

☐ **স্বাক্ষরদাতা প্রত্যায়ন করছেন যে, তিনি প্রত্যায়ন ধারাটি পড়েছেন এবং পড়ার পর ঘোষণা করছেন যে, ফরম 4506-T স্বাক্ষরে তিনি ক্ষমতা প্রাপ্ত।** নির্দেশনাবলী দেখুন।

লাইন 1a বা 2a-এ করদাতার ফোন নম্বর

**এখানে স্বাক্ষর করুন**

▶ **স্বাক্ষর** (নির্দেশনাবলী দেখুন) তারিখ

▶ **শিরোনাম** (যদি উপরের 1a লাইনে কর্পোরেশন, অংশীদারিত্ব, এস্টেট, বা ট্রাস্ট হয়)

▶ **স্বামী/স্ত্রীর স্বাক্ষর** তারিখ

অন্য কিছু বলা না থাকলে এই সেকশন আভ্যন্তরীণ রাজস্ব কোড সংক্রান্ত।

## ভবিষ্যৎ পরিবর্তন

ফরম 4506-T ও এর নির্দেশনাবলী সংক্রান্ত সর্বশেষ তথ্যের জন্য এই ওয়েবসাইটে যান *www.irs.gov/form4506t.* ফরম 4506-T সংক্রান্ত সাম্প্রতিক যেকোনো পরিবর্তন (যেমন, আমরা এটি প্রকাশ করার পর কোনো আইন প্রণীত হলে) এই পৃষ্ঠায় জানিয়ে দেওয়া হবে।

**নতুন যা রয়েছে।** করদাতার গোপনীয়তার সুরক্ষা দিতে IRS প্রদত্ত ট্রান্সক্রিপ্টগুলো পরিবর্তন করা হয়েছে। ট্রান্সক্রিপ্টগুলোতে কেবল আংশিক ব্যক্তিগত তথ্য থাকে, যেমন করদাতার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার অক্ষর। ট্রান্সক্রিপ্টে পূর্ণাঙ্গ আর্থিক ও কর সম্পর্কিত তথ্য, যেমন বেতন ও করযোগ্য আয় উল্লেখ থাকে।

গ্রাহক ফাইল নম্বর শীর্ষক একটি ঐচ্ছিক ঘর রয়েছে যা ট্রান্সক্রিপ্টের জন্য আবেদন করার সময় ব্যবহার করা যায়। এই ঘরে আপনি ঋণ নম্বর জাতীয় নম্বর লিখতে পারবেন। আপনি 10টি সংখ্যাবাচক বর্ণচিহ্ন লিখতে পারবেন। গ্রাহক ফাইল নম্বরে SSN থাকা উচিত নয়। এই নম্বর ট্রান্সক্রিপ্টে মুদ্রিত থাকবে। গ্রাহক ফাইল নম্বরের ঘর ঐচ্ছিক, আবশ্যক নয়।

# সাধারণ নির্দেশনাবলী

**সতর্কতা:** প্রযোজ্য সব লাইন পূরণ করা ব্যতিরেকে এই ফরমে স্বাক্ষর করবেন না।

**ফরমের উদ্দেশ্য।** কর রিটার্নের তথ্য পাওয়ার আবেদন করতে ফরম 4506-T ব্যবহার করুন। আপনি কোনো তৃতীয় পক্ষকেও তথ্যটি পাওয়ার ক্ষমতা দিতে পারেন (5 নম্বর লাইনে)। যেসব করদাতা একাধিক ক্যালেন্ডার বছরের জন্য (এক ক্যালেন্ডার বছরে শুরু হয়ে অন্য ক্যালেন্ডার বছরে শেষ হওয়া) রিটার্ন ট্রান্সক্রিপ্টের জন্য আবেদন করছেন, তাদেরকে অবশ্যই ফরম 4506-T ব্যবহার করে এই আবেদন করতে হবে।

**দ্রষ্টব্য:** আপনি যদি নিশ্চিত না জানেন যে, আপনার কোন ধরনের ট্রান্সক্রিপ্ট লাগবে, আপনি রেকর্ড অব অ্যাকাউন্ট-এর জন্য আবেদন করুন, কারণ এতে সবচেয়ে বেশি তথ্য থাকে।

**পরামর্শ।** কর রিটার্ন বা রিটার্নের অনুলিপি পেতে ফরম 4506 ব্যবহার করুন।

**ট্রান্সক্রিপ্টের জন্য স্বয়ংক্রিয় আবেদন।** আমাদের স্বয়ংক্রিয় স্ব-সহায়তা সেবা টুল ব্যবহার করে আপনি দ্রুত ট্রান্সক্রিপ্টের আবেদন করতে পারেন। অনুগ্রহ করে IRS.gov ওয়েবসাইট পরিদর্শন করুন এবং "টুলস"-এর নিচে "একটি কর ট্রান্সক্রিপ্ট গ্রহণ করুন…" অপশনটিতে ক্লিক করুন অথবা 1-800-908-9946 নম্বরে কল করুন।

**কোথায় জমা দিতে হবে।** রিটার্ন জমা দেওয়ার সময় আপনি যে স্টেটে বসবাস করেছেন বা যে স্টেটে আপনার ব্যবসা ছিলো, সেটির নিম্নোক্ত ঠিকানায় ফরম 4506-T ডাকযোগে বা ফ্যাক্স করে পাঠান। ঠিকানার দু'টি চার্ট আছে: একটি ব্যক্তিগত ট্রান্সক্রিপ্টের জন্য (ফরম 1040 সিরিজ ও ফরম W-2) এবং অন্যটি বাকি সব ট্রান্সক্রিপ্টের জন্য।

আপনি যদি একাধিক ট্রান্সক্রিপ্ট বা পণ্যের জন্য আবেদন করেন এবং এর জন্য নিচের চার্টটিতে দুটি আলাদা ঠিকানা প্রদর্শিত হলে, সেক্ষেত্রে আপনার সর্বশেষ রিটার্নের ঠিকানায় আবেদনটি পাঠান।

## ব্যক্তিগত ট্রান্সক্রিপ্টের চার্ট (ফরম 1040 সিরিজ ও ফরম W-2 এবং ফরম 1099)

| আপনি যদি একটি ব্যক্তিগত রিটার্ন জমা দিয়ে থাকেন এবং নিম্নোক্ত ঠিকানায় বাস করেন: | ডাক বা ফ্যাক্স যোগে পাঠান: |
|---|---|
| অ্যালাবামা, কেন্টাকি, লুইজিয়ানা, মিসিসিপি, টেনেসি, টেক্সাস, ভিন্ন দেশ, আমেরিকান সামোয়া, পুয়ের্তো রিকো, গুয়াম, দ্য কমনওয়েল্থ অব দ্য নর্দার্ন ম্যারিয়ানা আইল্যান্ড, যুক্তরাষ্ট্র ভার্জিন আইল্যান্ড, বা A.P.O. বা F.P.O. ঠিকানা | আভ্যন্তরীণ রাজস্ব সেবা RAIVS টিম<br>Stop 6716 AUSC<br>Austin, TX 73301<br><br>855-587-9604 |
| আলাস্কা, অ্যারিজোনা, আরকানসাস, ক্যালিফোর্নিয়া, কলোরাডো, হাওয়াই, ইডাহো, ইলিনয়েস, ইন্ডিয়ানা, আইওয়া, কানসাস, মিশিগান, মিনেসোটা, মন্টানা, নেব্রাস্কা, নেভাদা, নিউ মেক্সিকো, নর্থ ডাকোটা, ওকলাহামা, ওরেগন, সাউথ ডাকোটা, উতাহ, ওয়াশিংটন, উইসকনসিন, ওয়াইওমিং | আভ্যন্তরীণ রাজস্ব সেবা RAIVS টিম<br>Stop 37106<br>Fresno, CA 93888<br><br>855-800-8105 |
| কানেক্টিকাট, ডেলওয়্যার, ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া, ফ্লোরিডা, জর্জিয়া, মেইন, ম্যারিল্যান্ড, ম্যাসাচুসেটস, মিসৌরি, নিউ হ্যাম্পশায়ার, নিউ জার্সি, নিউইয়র্ক, নর্থ ক্যারোলাইনা, ওহাইয়ো, পেনসিলভানিয়া, রোড আইল্যান্ড, সাউথ ক্যারোলাইনা, ভারমন্ট, ভার্জিনিয়া, ওয়েস্ট ভার্জিনিয়া | আভ্যন্তরীণ রাজস্ব সেবা RAIVS টিম<br>Stop 6705 P-6<br>Kansas City, MO 64999<br><br>855-821-0094 |

## অন্য সব ট্রান্সক্রিপ্টের চার্ট

| আপনি যদি নিম্নোক্ত স্থানে বসবাস করে থাকেন বা আপনার ব্যবসা সেখানে থাকলে: | ডাক বা ফ্যাক্স যোগে পাঠান: |
|---|---|
| আলাবামা, আলাস্কা, অ্যারিজোনা, আরকানসাস, ক্যালিফোর্নিয়া, কলোরাডো, হাওয়াই, ইডাহো, আইওয়া, কানসাস, লুইজিয়ানা, মিনেসোটা, মিসিসিপি, মন্টানা, নেব্রাস্কা, নেভাদা, নিউ মেক্সিকো, নর্থ ডাকোটা, ওকলাহামা, ওরেগন, সাউথ ডাকোটা, টেক্সাস, উতাহ, ওয়াশিংটন, ওয়াইওমিং, ভিন্ন দেশ, আমেরিকান সামোয়া, পুয়ের্তো রিকো, গুয়াম, দ্য কমনওয়েল্থ অব দ্য নর্দার্ন ম্যারিয়ানা আইল্যান্ড, যুক্তরাষ্ট্র ভার্জিন আইল্যান্ড, বা A.P.O. বা F.P.O. ঠিকানা | আভ্যন্তরীণ রাজস্ব সেবা RAIVS টিম<br>P.O. Box 9941<br>Mail Stop 6734<br>Ogden, UT 84409<br><br>855-298-1145 |
| কানেক্টিকাট, ডেলওয়্যার, ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া, জর্জিয়া, ইলিনয়েস, ইন্ডিয়ানা, কেনটাকি, মেইন, ম্যারিল্যান্ড, ম্যাসাচুসেটস, মিশিগান, নিউ হ্যাম্পশায়ার, নিউ জার্সি, নিউইয়র্ক, নর্থ ক্যারোলাইনা, ওহাইয়ো, পেনসিলভানিয়া, রোড আইল্যান্ড, সাউথ ক্যারোলাইনা টেনিসি, ভারমন্ট, ভার্জিনিয়া, উইসকনসিন, ওয়েস্ট ভার্জিনিয়া | আভ্যন্তরীণ রাজস্ব সেবা RAIVS টিম<br>P.O. Box 145500<br>Stop 2800 F<br>Cincinnati, OH 45250<br><br>855-800-8015 |

**লাইন 1b।** আপনার আবেদন ব্যবসা রিটার্ন সংক্রান্ত হলে আপনার নিয়োগকারী সনাক্তকারী নম্বর (employer identification number, EIN) লিখুন। অন্যথায়, রিটার্নে প্রদর্শিত আপনার প্রথম সোশ্যাল সিকিউরিটি নম্বর (social security number, SSN) বা আপনার ব্যক্তিগত করদাতা সনাক্তকারী নম্বর (individual taxpayer identification, ITIN) লিখুন। উদাহরণস্বরূপ, আপনি যদি ফরম 1040-এর আবেদন করেন যাতে শিডিউল C (ফরম 1040) অন্তর্ভুক্ত, সেক্ষেত্রে আপনার SSN লিখুন।

**লাইন 3।** আপনার বর্তমান ঠিকানা লিখুন। আপনি যদি ডাক বক্স ব্যবহার করেন, তাহলে এই লাইনে সেটি লিখুন।

**লাইন 4।** লাইন 3-এ উল্লিখিত ঠিকানা যদি ভিন্ন হয়, সেক্ষেত্রে সর্বশেষ রিটার্নে পূরণকৃত ঠিকানাটি লিখুন।

**দ্রষ্টব্য:** যদি ঠিকানা লাইন 3 ও 4 ভিন্ন হয় এবং আপনি IRS-এ আপনার ঠিকানা পরিবর্তন না করে থাকেন, সেক্ষেত্রে ফরম 8822, 'ঠিকানা পরিবর্তন' ফরম জমা দিন। ব্যবসায়িক ঠিকানার ক্ষেত্রে, ফরম 8822- B, 'ঠিকানা পরিবর্তন বা দায়িত্বশীল পক্ষ — ব্যবসা' ফরম জমা দিন।

**লাইন 5b।** একটি অনন্য গ্রাহক ফাইল নম্বর তৈরির জন্য 10 সংখ্যাগত ক্যারেক্টর লিখুন যা আপনার ট্রান্সক্রিপ্টে থাকবে। গ্রাহক ফাইল নম্বরে SSN থাকা **উচিত নয়**। এই লাইন পূরণ আবশ্যক নয়।

**দ্রষ্টব্য।** আপনি যদি SSN, নাম বা উভয়ের সমন্বয় ব্যবহার করেন, আমরা এসব তথ্য অন্তর্ভুক্ত করবো না এবং গ্রাহক ফাইল নম্বর খালি থাকবে।

**লাইন 6।** প্রতি অনুরোধের জন্য কেবল একটি কর ফরমের নম্বর লিখুন।

**স্বাক্ষর ও তারিখ।** লাইন 1a বা 2a উল্লিখিত করদাতা-কর্তৃক ফরম 4506-T অবশ্যই স্বাক্ষর করতে ও তারিখ দিতে হবে। IRS করদাতা-কর্তৃক স্বাক্ষরের 120 দিনের মধ্যে ফরম 4506-T অবশ্যই গ্রহণ করতে হবে অথবা এটি প্রত্যাখ্যাত হবে। স্বাক্ষর করার পূর্বে নিশ্চিত করুন যে প্রযোজ্য সব লাইন পূরণ করা হয়েছে।

সতর্কতা

*আপনি যে স্বাক্ষর ও এই তথ্যের জন্য আবেদন করার ক্ষেত্রে ক্ষমতা-প্রাপ্ত সেটি স্বীকার করতে আপনাকে স্বাক্ষরের ঘরের বক্সে টিক দিতে হবে। বক্সে টিক না দিলে ফরমটি প্রক্রিয়া করা হবে না ও আপনার নিকট ফেরত পাঠানো হবে।*

***ব্যক্তি।*** যৌথভাবে জমা দেওয়া ট্রান্সক্রিপ্টসমূহ স্বামী/স্ত্রীর যেকোনো একজনকে পাঠানো যাবে। কেবল একটি স্বাক্ষর প্রয়োজন। মূল রিটার্নে যেভাবে আপনার নাম এসেছে ফরম 4506-T-এ ঠিক সেভাবে স্বাক্ষর করুন। আপনি আপনার নাম বদলে ফেললে আপনার বর্তমান নামে স্বাক্ষর করুন।

***কর্পোরেশন।*** সাধারণত ফরম 4506-T যিনি স্বাক্ষর করতে পারবেন:
(1) কর্পোরেশনের হয়ে স্বাক্ষর করা আইনি ক্ষমতা প্রাপ্ত কোন কর্মকর্তা, (2) পরিচালনা বোর্ড বা অন্যান্য পরিচালনা কর্তৃপক্ষ-কর্তৃক মনোনীত কোন ব্যক্তি, অথবা (3) কোন মূখ্য কর্মকর্তার লিখিত অনুরোধ সাপেক্ষে এবং কোম্পানির সচিব বা অন্য কর্মকর্তা-কর্তৃক সত্যায়ন প্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মী। কোনো বোনা ফাইড শেয়ারহোল্ডার যিনি কর্পোরেশনের বাকি 1 শতাংশ বা তার বেশি শেয়ারের মালিক ফরম 4506-T জমা দিতে পারবেন, কিন্তু আবেদনকারির যে তথ্য প্রাপ্তির অধিকার রয়েছে সেটি সমর্থনে তাকে অবশ্যই নথি দেখাতে হবে।

***অংশীদারিত্ব।*** সাধারণত, লাইন 9-এ অনুরোধকৃত কর মেয়াদের যেকোনো সময়ের জন্য অংশীদারিত্বে থাকা যেকোনো ব্যক্তি ফরম 4506-T স্বাক্ষর করতে পারবেন।

***অন্য সব ক্ষেত্রে।*** করদাতা মারা গেলে, অসমর্থ হলে, কর্পোরেশন বিলুপ্ত হলে, অথবা কোনো ট্রাস্টি, অভিভাবক, এক্সিকিউটর, রিসিভার, বা প্রশাসক করদাতার পক্ষ হয়ে কাজ করলে সেকশন 6103(e) দেখুন।

**দ্রষ্টব্য:** আপনি যদি আইনগতভাবে উত্তরাধিকারী, নিকটতম আত্মীয়, বা সুবিধাভোগী হন, সেক্ষেত্রে আপনাকে অবশ্যই এস্টেট বা ট্রাস্টে জাগতিক স্বার্থ দেখাতে হবে।

**নথিপত্র।** ব্যক্তি বাদে প্রতিষ্ঠানের ক্ষেত্রে আপনাকে অবশ্যই অনুমতিপত্র সংযুক্ত করতে হবে। উদাহরণস্বরূপ, এটি হতে পারে কর্পোরেশনের কোনো কর্মীকে ক্ষমতা প্রদান করে মূখ্য কর্মকর্তার কাছ থেকে চিঠি, অথবা এস্টেটের পক্ষে কাজ করার জন্য কোনো ব্যক্তিকে সাক্ষ্যমূলক ক্ষমতা অর্পণ করে প্রদত্ত চিঠি।

**প্রতিনিধির স্বাক্ষর।** কোনো প্রতিনিধি একজন করদাতার হয়ে ফরম 4506-T-এ স্বাক্ষর করতে পারবেন যদি করদাতা সুনির্দিষ্টভাবে ফরম 2848, লাইন 5-এ সংশ্লিষ্ট প্রতিনিধিকে সে ক্ষমতা প্রদান করেন। ফরম 4506-T-এ ক্ষমতা অর্পণ করা হয়েছে দেখিয়ে প্রতিনিধিকে অবশ্যই ফরম 2848 সংযুক্ত করতে হবে।

**Privacy Act ও Paperwork Reduction Act Notice।** আভ্যন্তরীণ রাজস্ব কোড-এর আওতায় আবেদনকৃত কর তথ্য প্রদর্শনের ক্ষেত্রে আপনার অধিকার রয়েছে মর্মে প্রমাণে আমরা এই ফরমের তথ্যগুলো জানতে চাই। কর তথ্য সনাক্ত করায় এবং আপনার আবেদনের জবাব দিতে আমাদের এসব তথ্য প্রয়োজন। আপনার কোনো ট্রান্সক্রিপ্টের আবেদন করার প্রয়োজন নেই; কিন্তু আপনি যদি এ ধরনের আবেদন করে থাকেন, তাহলে সেকশন 6103 ও 6109 ও এসবের বিধান অনুযায়ী আপনাকে এসব তথ্য দিতে হবে, যার মধ্যে রয়েছে আপনার SSN বা EIN। আপনি এসব তথ্য প্রদান না করলে আমরা আপনার আবেদন প্রক্রিয়া করতে পারবো না। মিথ্যা বা জালিয়াতিপূর্ণ তথ্য দিলে আপনাকে জরিমানা করা হতে পারে।

এসব তথ্যের নিয়মিত ব্যবহারের মধ্যে রয়েছে, এগুলো ডিপার্টমেন্ট অব জাস্টিস ফর সিভিল অ্যান্ড ক্রিমিনাল লিটিগেশন-কে প্রদান, এবং নগর, স্টেট, ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া, ও যুক্তরাষ্ট্র কমনওয়েল্থ অ্যান্ড পসেশনের তাদের কর আইন বাস্তবায়নে ব্যবহারের নিমিত্তে। আমরা এছাড়াও কর চুক্তির অধীনে অন্যান্য দেশের নিকট, এবং ফেডারেল কর-বহির্ভুত ফৌজদারি আইন বাস্তবায়নে ফেডারেল ও স্টেট সংস্থাগুলোকে, কিংবা সন্ত্রাসবাদ মোকাবেলায় ফেডারেল আইন প্রয়োগকারী ও গোয়েন্দা সংস্থাগুলোর কাছে এসব তথ্য প্রকাশ করি।

কোনো ফরমে বৈধ OMB নিয়ন্ত্রণ নম্বর প্রদর্শিত না হলে Paperwork Reduction Act এর আওতায় আপনি ফরমগুলোতে অনুরোধকৃত কোনো তথ্য প্রদানে বাধ্য নন। সংশ্লিষ্ট বিষয়বস্তু যতদিন কোনো আভ্যন্তরীণ রাজস্ব আইন বাস্তবায়নে প্রয়োজন হতে পারে, অবশ্যই ততদিন ফরম ও এর নির্দেশনা সক্রান্ত বই বা রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে। সাধারণত, সেকশন 6103 অনুযায়ী কর রিটার্ন ও রিটার্নের তথ্য গোপনীয়।

আলাদা-আলাদা পরিস্থিতি বিবেচনায় ফরম 4506-T সম্পন্ন করার সময় ভিন্ন হবে। অনুমিত গড় সময় হচ্ছে: **আইন বা ফরম সম্পর্কে জানা,** 10 মিনিট; **ফরম প্রস্তুত করা,** 12 মিনিট; এবং **ফরমটির অনুলিপি করা, একত্র করা, এবং IRS-এ পাঠানো,** 20 মিনিট।

এই অনুমিত সময়ের যথার্থতা নিয়ে কোনো মন্তব্য থাকলে অথবা ফরম 4506-T-কে সহজতর করতে কোনো পরামর্শ থাকলে আমরা আপনার কাছ থেকে শুনতে আগ্রহী। আপনি এই ঠিকানায় লিখতে পারেন:

আভ্যন্তরীণ রাজস্ব সেবা ট্যাক্স ফরমস অ্যান্ড
পাবলিকেশন্স ডিভিশন 1111
Constitution Ave. NW, IR-6526 Washington, DC 20224

এই ঠিকানায় ফরম পাঠাবেন না। এর বদলে, এই পৃষ্ঠায় *কোথায় জমা দিতে হবে সে* অপশন দেখুন।

| নিরুপনকারীর তারিখসহ সিলমোহর |
|---|
| |

# প্রিন্সিপাল রেসিডেন্স এক্সেম্পশন (PRE) এফিডেভিট

Public Act 206 of 1893-এর আওতায় ইস্যু করা হয়েছে।

ফরম পূরণ করার আগে নির্দেশনাবলী পড়ুন। ফরমটি একজন নিরূপক-কর্তৃক সত্যয়ন না করা পর্যন্ত বৈধ নয়। সম্পত্তি যদি আপনার মূল আবাসস্থল না হয় এবং/কিংবা যদি MCL 211.7(cc)-এ উল্লিখিত অযোগ্যতার শর্তগুলোর কোনোটি এর জন্য প্রযোজ্য হয়, সেক্ষেত্রে ফরম জমা দিবেন না। PRE সংক্রান্ত আরো তথ্যের জন্য অনুগ্রহ করে**www.michigan.gov/pre**ওয়েবসাইটে গিয়ে PRE নির্দেশিকা এই পর্যালোচনা করুন।

**নীল বা কালো কালিতে লিখুন বা মুদ্রণ করুন**

## বিভাগ 1: সম্পত্তির তথ্য স্পষ্টাক্ষরে লিখুন বা মুদ্রণ করুন। প্রতিটি সম্পত্তির কর সনাক্তকরণ নম্বরের জন্য আলাদা ফরম ব্যবহার করুন।

| 1. সম্পত্তি কর সনাক্তরণ নম্বর | 2. স্থানীয় ইউনিটের নাম (শহর কর্তৃপক্ষ বা নগর যাচাই করুন)<br>☐ শহর কর্তৃপক্ষ<br>☐ নগর | 3. কাউন্টি |
|---|---|---|
| 4. সম্পত্তির সড়ক ঠিকানা (পূর্ণাঙ্গ ঠিকানা দিন) | | |
| 5. মালিকের নাম (নামের প্রথম, মাঝের, শেষের অংশ) | 6. মালিকের সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা<br>XXX-XX- | 7. মালিকের দিবাকালীন টেলিফোন নম্বর |
| 8. যৌথ-মালিকের নাম (নামের প্রথম, মাঝের, শেষের অংশ) | 9. যৌথ-মালিকের সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা<br>XXX-XX- | 10. যৌথ-মালিকের দিবাকালীন টেলিফোন নম্বর |

11. লাইন 1-এ আপনি কোন তারিখে সম্পত্তির মালিকানা অর্জন করেছেন এবং বসবাস শুরু করেছেন .......... 11. ____________ মাস দিন বছর

লাইন 1-এ উল্লিখিত সম্পত্তি আমার: 11a ☐ মূল আবাসস্থল
11b. ☐ পাশের বা লাগোয়া খালি সম্পত্তি যা আবাসিক বা টিম্বার-কাটওভার হিসেবে চিহ্নিত।

12.যে মালিক মূল অধিবাসী হিসেবে দাবি করছেন তিনি সম্পত্তির কত ভাগ জুড়ে থাকেন (100% থেকে 1%)। সম্পত্তিতে যদি একাধিক বাড়ি, একাধিক বাসস্থান থাকে, এবং তা মূল আবাসস্থলের বাইরেও অন্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়, কিংবা আংশিক ভাড়া দেওয়া হয়, সেক্ষেত্রে মালিক কেবল আংশিক রেয়াতের জন্য আবেদন করতে পারবেন। এ ধরনের ক্ষেত্রে মালিক কত শতাংশের জন্য রেয়াতের দাবি করতে পারবেন সেটি নির্ধারণে অনুগ্রহ করে আপনার স্থানীয় নিরূপকের সাথে পরামর্শ করুন.......... 12. ____________%

13. আপনি বা আপনার স্বামী/স্ত্রী কি মিশিগান মূল আবাসস্থলের জন্য অন্য আরেকটি রেয়াতের দাবি করেছেন? .......... 13. ☐হ্যাঁ ☐না

14. 13-এর উত্তর হ্যাঁ হলে, সম্পত্তির ঠিকানা ও পার্সেল নম্বর লিখুন: ____________

15. 13-এর উত্তর হ্যাঁ হলে, আপনি কি সেই মূল আবাসস্থলের রেয়াত বাতিল করেছেন? .......... 15. ☐হ্যাঁ ☐না

16. আপনি বা আপনার স্বামী/স্ত্রী কি অন্য স্টেটে অবস্থিত কোনো সম্পত্তির জন্য একই ধরনের রেয়াত, ঋণ বা ছাড়ের দাবি করেছেন? .......... 16. ☐হ্যাঁ ☐না

17. 16-এর উত্তর হ্যাঁ হলে, সম্পত্তির ঠিকানা ও পার্সেল নম্বর লিখুন:____________

18. আপনি বা আপনার স্বামী/স্ত্রী কি মিশিগান বা অন্য স্টেটের অনাবাসী হিসেবে কর রিটার্ন জমা দিয়েছেন? .......... 18. ☐হ্যাঁ ☐না

19. 18-এর উত্তর হ্যাঁ হলে, স্টেট এর নাম লিখুন:____________

## বিভাগ 2: সত্যয়ন

***সত্যয়ন:*** *আমি মিথ্যা সাক্ষ্যের জন্য দণ্ডের বিধান মেনে সত্যয়ন করছি যে, আমি লাইন 11-এ উল্লিখিত তারিখে মূল অধিবাসী হিসেবে এই সম্পত্তির মালিক ও এতে বসবাস করছি এবং আমি অন্য কোনো স্টেটে অন্য কোনো সম্পত্তির জন্য উল্লেখযোগ্যভাবে একই ধরনের রেয়াত/ছাড়/ঋণের দাবি করিনি, এবং এই নথিতে প্রদত্ত তথ্যাদি আমার জানামতে সত্য ও সঠিক।*

| 20. মালিকের স্বাক্ষর | তারিখ |
|---|---|
| 21. যৌথ-মালিকের স্বাক্ষর | তারিখ |
| 22. উপরে উল্লিখিত সম্পত্তির ঠিকানা থেকে ভিন্ন হলে ডাক ঠিকানা | |

## কেবল স্থানীয় সরকারের ব্যবহারের জন্য (এই লাইনের নিচে লিখবেন না)

23. সম্পত্তির শ্রেণি উল্লেখ করুন .......... 23. ____________

| নিরূপক কি এফিডেভিট অনুমোদন বা প্রত্যাখ্যান করেছিলেন?<br>☐অনুমোদন করা হলো ☐প্রত্যাখ্যান করেছেনে (স্থানীয় ইউনিটের প্রত্যাখ্যানের একটি অনুলিপি সংযুক্ত করুন) | এফিডেভিটটি কর রোল-এর কোন বছরে পোস্ট করা হবে? |
|---|---|

***সত্যয়ন:*** *আমি সজ্ঞানে সত্যয়ন করছি যে, এই ফরমে প্রদত্ত তথ্য সম্পূর্ণ এবং সঠিক।*

| নিরূপকের স্বাক্ষর | যে তারিখে নিরূপক প্রত্যায়ন করেছেন (MM/DD/YYYY) |
|---|---|

# 2021 HPTAP বিবৃতি ফরম

আপনার আবেদন অথবা বর্তমান অবস্থা সম্পর্কে বাড়তি কোনো তথ্য দিতে চাইলে অনুগ্রহ করে এখানে উল্লেখ করুন: আপনার বিবৃতি সম্পন্ন করতে প্রয়োজন হলে বাড়তি কাগজ ব্যবহার করুন।

**ফোন নম্বর:** ______________________ **ইমেইল:** ______________________

**নাম:** ______________________ **তারিখ:** ______________

**ঠিকানা:** ______________________ **স্বাক্ষর:** ______________

| বাড়ির আকার | সম্পূর্ণ রেয়াত | 50% রেয়াত | 25% রেয়াত | **কেবল পর্যালোচনা বোর্ডের ব্যবহারের জন্য** | বয়স: |
|---|---|---|---|---|---|
| 1 | $17,609 | $20,288 | $22,840 | | মালিকের সংখ্যা: |
| 2 | $21,205 | $23,791 | $26,205 | | বাড়ির মোট সদস্য: |
| 3 | $23,458 | $26,064 | $28,453 | | মাসিক আয়: |
| 4 | $27,248 | $29,868 | $32,488 | | |
| 5 | $30,680 | $33,441 | $35,896 | | মাসিক ব্যয় (প্রযোজ্য হলে): |
| 6 | $35,160 | $37,973 | $40,434 | | |
| 7 | $39,640 | $42,415 | $44,793 | | বাড়ির মোট আয়: |
| 8 | $44,120 | $46,767 | $49,414 | | |

| বছর 2021 | পার্সেল: | নিরূপিত মূল্য | করযোগ্য মূল্য | বর্তমান বাড়ি % |
|---|---|---|---|---|

**বোর্ডের সিদ্ধান্ত: কমিটি # _______** **দারিদ্র্যের কারণে রেয়াত অনুমোদিত ________%** **দারিদ্র্যের কারণে রেয়াতের আবেদন প্রত্যাখ্যাত: ________**

**কমিটির সদস্যদের স্বাক্ষর ও তারিখ** **কমিটির সদস্যদের স্বাক্ষর ও তারিখ** **কমিটির সদস্যদের স্বাক্ষর ও তারিখ**

## নথিপত্রের তালিকা

*এই ফরম আপনার আবেদন সম্পন্ন করায় সহায়তার উদ্দেশ্যে প্রণীত। এটি আবশ্যক ফরম নয়।*

আপনাকে মার্চ, জুলাই ও ডিসেম্বরে অনুষ্ঠিতব্য পর্যালোচনা বোর্ডের সভার দুই সপ্তাহ পূর্বে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

**আবেদন অবশ্যই ইংরেজিতে সম্পন্ন করতে হবে**

**আপনি কি আবেদনের সমস্ত বিভাগ সম্পন্ন করেছেন এবং আবশ্যক নথিপত্র প্রদান করেছেন?**

**বিভাগ 1। ব্যক্তিগত তথ্য** – আবেদনকারী আবশ্যক সব ব্যক্তিগত তথ্য প্রদান করতে হবে

**বিভাগ 2। মালিকানা (আবশ্যক নথিপত্র)**

- ☐ মালিকানার দালিলিক প্রমাণের অনুলিপি (দলিল, জমির চুক্তি, আদালতের আদেশ, প্রভৃতি)।

**বিভাগ 3: অতিরিক্ত সম্পত্তি**

আপনার বা বাড়িতে বসবাসকারী যেকোনো সদস্যের মালিকানাধীন অন্য কোন সম্পত্তি সংক্রান্ত তথ্য প্রদান করুন।

**বিভাগ 4। কর্মসংস্থানের তথ্য**

আপনার বর্তমান চাকুরির তথ্য প্রদান করুন

**বিভাগ 5। আয়ের উৎস (আবশ্যক নথিপত্র)**

*বাড়ির সব সদস্যের জন্য যারা আয়কর রিটার্ন জমা দিয়েছেন:*

- ☐ 2020 সালের জন্য 2021 সালে জমাকৃত ফেডারেল ও/বা স্টেট আয়কর রিটার্নের সম্পূর্ণ বিবরণ (2019 সালের জন্য 2020 সালে জমা দেওয়া রিটার্নও গ্রহণ করা হবে), এবং এর সাথে সব শিডিউল, গৃহ সম্পত্তি কর ক্রেডিট ও হোম হিটিং ক্রেডিট রিটার্ন থাকলে সেগুলোর অনুলিপি।

*বাড়ির সব পূর্ণবয়স্ক ব্যক্তি যাদের 2021 বা 2020 সালের আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা ছিলো না:*

- ☐ IRS ফরম 4506-T (এই প্যাকেটে অন্তর্ভুক্ত)
- ☐ দারিদ্র্যের কারণে রেয়াত আবেদনের এফিডেভিট (4988) (এই প্যাকেটে অন্তর্ভুক্ত)

শিশুসহ বাড়ির সব সদস্যের 2020 সালে প্রযোজ্য আয়কর উৎসের অনুলিপি:

- ☐ বেতন (W-2 বা পে স্টাব)
- ☐ বেকার ভাতা (1099-G)
- ☐ পেনশন (W-2 বা 1099R)
- ☐ SSI/SSA/SSD (পত্র বা 1099)
- ☐ ব্রিজ কার্ড (অর্পণ পত্র)
- ☐ FIA/DHS (অর্পণ পত্র)
- ☐ লভ্যাংশ
- ☐ VA সুবিধা (অর্পণ পত্র)
- ☐ অক্ষমতা (1099)
- ☐ শিশু /সঙ্গী সহায়তা (রায়/অর্পণ পত্র)
- ☐ পরিবার/বন্ধুবান্ধবের নিকট থেকে সহায়তা (স্বাক্ষরকৃত বিবৃতি)
- ☐ স্ব-নিযুক্ত (চেক/রসিদ/স্বাক্ষরকৃত বিবৃতি)
- ☐ ভাড়া থেকে আয় (চেক বা রসিদ)
- ☐ অন্যান্য

**বিভাগ 6: চলতি হিসাব, সঞ্চয় ও বিনিয়োগ সংক্রান্ত তথ্য (আবশ্যক নথিপত্র)**

বাড়ির সদস্যদের করা সমস্ত সঞ্চয়ের তালিকা, যাতে অন্যান্য বিষয়ের মধ্যে রয়েছে:

- ☐ চলতি হিসাব
- ☐ সঞ্চয়ী হিসাব
- ☐ ডাক সঞ্চয়
- ☐ ক্রেডিট ইউনিয়ন শেয়ার
- ☐ আমানতের সনদ (CD)
- ☐ স্টক/বন্ড
- ☐ অন্যান্য বিনিয়োগ

**বিভাগ 7: জীবন বিমা**

বাড়ির সব সদস্যের করা সব জীবন বিমার তথ্য উল্লেখ করুন

**বিভাগ 8: মোটর গাড়ির তথ্য**

বাড়িতে বসবাসকারী যেকোনো ব্যক্তির কাছে রক্ষিত বা মালিকানাধীন সমস্ত মোটর গাড়ির তথ্য (যেমন, মটরসাইকেল, মটর হোম, ক্যাম্পার ট্রেইলার প্রভৃতি) অবশ্যই উল্লেখ করতে হবে।

**বিভাগ 9: বাড়ির বাসিন্দাগণ (আবশ্যক নথিপত্র)**

*18 বছর বা অধিক বয়সীদের জন্য:*

- ☐ পরিচয়পত্রের অনুলিপি (সরকার প্রদত্ত যেকোনো আইডি যাতে ছবি, বাসার ঠিকানা রয়েছে, যেমন- গাড়ি চালনার লাইসেন্স, স্টেট আইডি, কনস্যুলেট আইডি, শিক্ষার্থী আইডি, প্রভৃতি)

*18 বছরের নিচের অপ্রাপ্তবয়স্কদের জন্য:*

- ☐ সংশ্লিষ্ট বাসিন্দা যে ঠিকানায় থাকে তার প্রমাণ (FIA, MDHHS, WIC, Friend of the Court প্রভৃতির অনুরূপ ঠিকানা উল্লেখ থাকে এমন সাম্প্রতিক রিপোর্ট কার্ড, ট্রান্সক্রিপ্ট, বা অন্যান্য নথির অনুলিপি)।

**বিভাগ 10: ব্যক্তিগত ঋণ**

বাড়ির সব সদস্যের ব্যক্তিগত ঋণের পরিমাণ উল্লেখ করুন – যদি আয় দারিদ্র্য সীমা অতিক্রম করে, সেক্ষেত্রে ঋণের প্রমাণ দিন।

**বিভাগ 11: নীতি ও নির্দেশিকার স্বীকৃতি**

আবেদনকারীকে আবেদনকারীর সুনির্দিষ্ট আয় ও সম্পদের পরিমাণ এবং বাড়ির মোট আয় ও সম্পদসহ নগর বা শহর কর্তৃপক্ষ গৃহীত প্রযোজ্য নীতি ও নির্দেশিকা পর্যালোচনা করতে হবে ।

**বিভাগ 12: সত্যয়ন**

আবেদনটি পূর্ণাঙ্গ ও সঠিক মর্মে সত্যয়নে এটি মুদ্রণ করে স্বাক্ষর করুন ও তারিখ দিন।

**MI-TREASURY FORM 5739** – মালিকানা ও বসবাসের প্রমাণ

এই প্রামাণক ফরম আবেদন পত্রের সাথে সম্পন্ন করা ও জমা দেওয়া আবশ্যক।

**বিবৃতি পৃষ্ঠা** – এখানে আপনি পর্যালোচনা বোর্ডের নিকট আপনার বাড়ি সম্পর্কে একটি বিবৃতি প্রদানের সুযোগ পাবেন।

**PRINCIPAL RESIDENCE AFFIDAVIT (PRE)** – PRE নিরূপকের কার্যালয়ে জমা দেওয়া আবশ্যক। আপনার জমা দেওয়া আবেদনের সাথে বর্তমান PRE রয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত না হলে, এই ফরম সম্পূর্ণরূপে পূরণ করুন এবং লাইন 11-এ আপনি যে তারিখ থেকে এই সম্পত্তি আপনার মূল বাসস্থান হিসেবে ব্যবহার করছেন সে তারিখ উল্লেখ করুন।

MCL 211.7u(6)(b) যদি সংশ্লিষ্ট ব্যক্তি উপবিভাগ (a) অনুযায়ী কর্তনের তথ্য দিতে ব্যর্থ হয় এবং পরবর্তীতে সম্পত্তিটি এই সেকশনের অধীনে রেয়াত পাওয়ার অনুপযুক্ত বলে নির্ণীত হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিকে এই উপবিভাগে বর্ণিত সুদসহ ধার্যকৃত যেকোনো অতিরিক্ত কর পুনঃপরিশোধ করতে হবে। এই সেকশনের অধীনে যদি কোনো সম্পত্তি রেয়াত পাওয়ার উপযুক্ত নয় বলে নির্ণীত হয়, নিরূপক সেই সম্পত্তির রেয়াত বাতিল করবেন এবং যদি সে সম্পত্তির কর রোল স্থানীয় কর সংগ্রাহক ইউনিটের নিকট থাকে, তিনি কর রোল সংশোধন করবেন যাতে রেয়াত বাতিল প্রতিফলিত হয়, এবং স্থানীয় কোষাধ্যক্ষ অনুপযুক্ততা নির্ণয়ের 30 দিনের মধ্যে সুদবিহীন কর প্রদানের সর্বশেষ দিবসের পর থেকে মাসিক 1% অথবা মাসের ভগ্নাংশ হিসেব করে সুদসহ যেকোনো বাড়তি কর হিসেব করে সংশোধিত কর বিল ইস্যু করবেন। কর রোল যদি কাউন্টির কোষাধ্যক্ষের কাছে থাকে, সেক্ষেত্রে কর রোলে রেয়াত বাতিলের সিদ্ধান্তের প্রতিফলন থাকতে হবে, এবং কাউন্টি কোষাধ্যক্ষ রেয়াত বাতিলের সিদ্ধান্তের 30 দিনের মধ্যে যেকোনো বাড়তি কর হিসেব করে সম্পূরক কর বিল তৈরি করে জমা দিবেন, যাতে সুদবিহীন কর প্রদানের সর্বশেষ দিবসের পর থেকে মাসিক 1% অথবা মাসের ভগ্নাংশ হিসেব করে সুদসহ যেকোনো বাড়তি কর উল্লেখ থাকবে। সংশোধিত বা সম্পূরক কর বিলে উল্লিখিত কোনো করের সুদ সংশোধিত বা সম্পূরক কর বিল ইস্যুর 60 দিন পর থেকে মাসে 1% হারে বা মাসের ভগ্নাংশ হিসেব করে ধার্য হতে থাকবে। সংশোধিত বা সম্পূরক কর বিলে আরোপিত কর বকেয়া হিসেবে সংশোধিত বা সম্পূরক কর বিল ইস্যু করার পরবর্তী বছরের 1 মার্চের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে।

**গুরুত্বপূর্ণ: অসম্পূর্ণ আবেদন নাও বিবেচনা করা হতে পারে।**

আপনার আবেদন বিবেচনা করার স্বার্থে পর্যালোচনা বোর্ড বাড়তি তথ্য চাইতে পারে। আপনার সাথে যোগাযোগ করা হলে, পর্যালোচনা বোর্ডের অনুরোধকৃত সময়ের মধ্যে তথ্যাদি জমা দিন। যেসব করদাতা সীমিত আয়ের কারণে তাদের সম্পত্তি কর প্রদান করতে পারছেন না, তারা নিম্নোক্ত আবেদনের মাধ্যমে আর্থিক সহায়তা লাভের উপযুক্ত হতে পারেন: মিশিগান হোমস্টিড প্রোপার্টি ট্যাক্স ক্রেডিট ক্লেইম অ্যান্ড হোম হিটিং ট্যাক্স ক্রেডিট (Michigan Homestead Property Tax Credit Claim and Home Heating Tax Credit)। এসব দাবির প্রেক্ষিতে প্রদত্ত অর্থ করদাতাদেরকে তাদের বাধ্যবাধকতা পূরণে সহায়তা করার নিমিত্তে প্রদান করা হয়। পর্যালোচনা বোর্ড যদি আপনার সম্পত্তিকে বিগত বছরের কর প্রদান থেকে রেয়াত দেন, তাহলে আপনি Michigan Homestead Property Tax Claim **আবেদনের জন্য উপযুক্ত হবেন না।** আপনি এ আবেদনের জন্য উপযুক্ত হলে আপনাকে দারিদ্র্যের কারণে রেয়াতের আবেদন করার সময় আবশ্যক নথিপত্র প্রদানের অংশ হিসেবে আপনার আবেদনের একটি অনুলিপি জমা দিতে হবে। আপনার ঋণ দাবির ফরম মিশিগান স্টেট, ডেট্রয়েট সিটি, এবং পর্যালোচনা বোর্ড-কর্তৃক পর্যালোচনা করা হবে।